

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০০৯৭
আগরতলা, ১৮ মার্চ, ২০২৩

ত্রয়োদশ রাজ্য বিধানসভার প্রথম অধিবেশন : নিরাপত্তামূলক ব্যবস্থা

ত্রয়োদশ রাজ্য বিধানসভার প্রথম অধিবেশন আগামী ২৪ মার্চ, ২০২৩ থেকে শুরু হবে। বিধানসভার অধিবেশন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে রাজ্য বিধানসভার পক্ষ থেকে কিছু নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। এরমধ্যে রয়েছে মনুষ্য চালিত রিক্সা ছাড়া কোন যানবাহন বা কোন ব্যক্তি বিধানসভা সচিবালয়ের জারি করা বৈধ অনুমতিপত্র ব্যতীত বিধানসভা চত্বরে প্রবেশ করতে পারবেননা। রাজ্য বিধানসভার সদস্য, সংবাদ মাধ্যমের প্রতিনিধি এবং বিধানসভার কর্মচারিগণ বিধানসভার চত্বরে প্রবেশের সময় নিরাপত্তারক্ষীগণ চাইলে বিধানসভা সচিবালয়ের জারিকরা বৈধ অনুমতিপত্র দেখাবেন। রাজ্য বিধানসভার সদস্যগণ, সংবাদ মাধ্যমের প্রতিনিধিগণ এবং বিধানসভার কর্মচারিগণ বিধানসভার চত্বরে পাসযুক্ত মোটরকার বা অন্য যানবাহনে প্রবেশ করতে পারবেন। তবে এই যানবাহনে অন্য কেউ থাকতে পারবেননা। কোন দর্শক, সরকারি আধিকারিক, সংবাদ মাধ্যমের প্রতিনিধি এবং বিধানসভার কর্মচারিগণ ব্যাগ, অন্যকোন আপত্তিকর জিনিসপত্র নিয়ে প্রবেশ করতে পারবেননা। বিধানসভা সচিবালয়ের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।
